



মজিদ জরিলা ফাউন্ডেশন স্কুল এন্ড কলেজ, শরীয়তপুর



শিক্ষাবর্ষ : ২০২১

স্মারক নংঃ ম.জ.ফা.স্কু.ক/নোটিশ/২০২১/১৮

তারিখ : ২/০৬/২০২১ খ্রি.



সামাজিক যোগাযোগ মাধ্যম অপব্যবহার রোধ সংক্রান্ত জরুরী বার্তা

মজিদ জরিলা ফাউন্ডেশন স্কুল এন্ড কলেজ দেশের অন্যতম সেরা শিক্ষা প্রতিষ্ঠান। প্রতিষ্ঠানটির প্রতিষ্ঠাতা বাংলাদেশ পুলিশের সাবেক সফল আইজিপি জনাব একে এম শহীদুল হক বিপিএম পিপিএম মহোদয়, পড়াশুনা, বিতর্ক চর্চাসহ শিক্ষার সকল অঙ্গনে এ প্রতিষ্ঠানের শিক্ষার্থীরা বরাবরই সফলতা দেখিয়ে আসছে। বর্তমান করোনা পরিস্থিতিতেও এ প্রতিষ্ঠানের অনলাইন শিক্ষা কার্যক্রম সফলভাবে পরিচালিত হচ্ছে যা অত্যন্ত প্রশংসার দাবীদার। এ সফলতার পিছনে রয়েছে প্রতিষ্ঠানের সম্মানিত শিক্ষকবৃন্দের অবিরাম প্রাণান্তকর প্রচেষ্টা।

প্রতিষ্ঠানের ধারাবাহিক সাফল্যে ঈর্ষান্বিত একটি মহল সামাজিক যোগাযোগ মাধ্যমে জনৈক শিক্ষকের ছবি এডিট করে প্রচার করেছে যা বর্তমান সাইবার সিকিউরিটি অ্যাক্টে মারাত্মক শাস্তিযোগ্য অপরাধ। এমতাবস্থায় এ প্রতিষ্ঠানের আমার প্রাণপ্রিয় সকল শিক্ষার্থী, সম্মানিত অভিভাবক ও শুভানুধ্যায়ীদের এ ঈর্ষান্বিত মহলের ষড়যন্ত্র মূলক প্রচারনা থেকে সতর্ক থাকার অনুরোধ করছি। এ বিষয়ে যে কোন ধরনের তথ্য পাওয়া মাত্রই কলেজের শিক্ষক/CI/SAT কে অবহিত করার জন্য অনুরোধ করা হলো।

উল্লেখ্য ইতোমধ্যে এ ব্যাপারে আইনগত ব্যবস্থা গ্রহণের বিষয় প্রক্রিয়াধীন। উদ্ধতন আইন প্রয়োগকারী সংস্থা এ দুষ্কৃতিকারীদের যাবতীয় খোঁজখবর নিচ্ছেন। অপরাধীরা আইনের আওতায় আসবে বলে আমরা বিশ্বাস করি। প্রতিষ্ঠান সংশ্লিষ্ট সকলকে ফেসবুক তথা সামাজিক যোগাযোগ মাধ্যম ব্যবহারে আরও বেশি দায়িত্বশীল ভূমিকা পালন করার অনুরোধ করছি।

আমুন মক্কে সামাজিক যোগাযোগ মাধ্যম
ব্যবহারে দায়িত্বশীল ভূমিকা পালন করি।

২/০৬/২০২১

এম ফরিদ আল হোসাইন

অধ্যক্ষ

বিতরণ : ওয়েবসাইট/ফেসবুক পেইজে প্রকাশ, নোটিশ ফাইল, নোটিশ বোর্ড